দৈনিক ইত্তেফাক

তারিখ ... 19 JAN 2017 ...
পৃষ্ঠা ... ১৪ ... কলাম ... ৫ ...

# গোপালগঞ্জে ভর্তিতে অতিরিক্ত ফি নেয়ার অভিযোগ

■ গোপালগঞ্জ প্রতিনিধি

গোপালগঞ্জের বৌলতলী-সাহাপুর সম্মিলনী উচ্চ বিদ্যালয়ে ছাত্র ভর্তিতে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা উপেক্ষা করে অতিরিক্ত ভর্তি ফি আদায় করা হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। এ বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তিতে ৫'শ টাকার স্থলে ৯'শ ৩০ টাকা আদায় করা হয়েছে।

এদিকে এ ব্যাপারে ওই বিদ্যালয়ের শিক্ষার্থীর অভিভাবকরা গোপালগঞ্জ সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কাছে লিখিত অভিযোগ দায়ের করেছেন।

অভিযোগকারী অভিভাবক গোপালগঞ্জ সদর উপজেলার কলপুর গ্রামের তাহাজ্জেদ হোসেন, বিরু মোল্লা, রুহুল আমীন ও সুরুজ মোল্লা বলেন, শিক্ষা মন্ত্রণালয় চিঠি দিয়ে ৫'শ টাকা ছাত্র ভর্তি ফি নির্ধারণ করেছে। কিন্তু বৌলতলী-সাহাপুর সম্মিলনী উচ্চ বিদ্যালয়ে ছাত্র-ছাত্রী ভর্তিতে ৯'শ ৩০ টাকা আদায় করা হয়েছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক এইচএম আশরাফুল আলম অতিরিক্ত টাকা আদায়ের কথা স্বীকার করে বলেন, আমরা শিক্ষার্থীদের ভর্তিতে ৯'শ ৩০ টাকা আদায় করে ওই টাকারই রশিদ দিচ্ছি। এরমধ্যে ৪৫০ টাকা সেশন ফি ও ৫০টাকা ভর্তি বাবদ আদায় করা হয়েছে। এছাড়া স্কাউট, পূজা, মিলাদ, খেলাধুলা, স্কুলের উন্নয়ন, রেড ক্রিসেন্ট ও শিক্ষার্থী কল্যাণসহ বিভিন্ন খাতে অতিরিক্ত ৪'শ ৩০ টাকা ভর্তির সময় আদায় করা হয়েছে।

গোপালগঞ্জ সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এসএম মোর্শেদ বলেন, ভর্তিতে অতিরিক্ত টাকা আদায়ের কোনো বিধান নেই। বৌলতলী-সাহাপুর সম্মিলনী উচ্চ বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তিতে ৯'শ ৩০ টাকা আদায় করা হয়েছে বলে অভিভাবকরা লিখিত অভিযোগ করেছেন। এ ব্যাপারে ইতিমধ্যে তদন্ত কমিটি গঠন করেছি। কমিটি ঘটনার তদন্ত করে প্রতিবেদন দাখিল করবে। তদন্তে ঘটনার সত্যতা পেলে অভিযুক্তদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

## বঙ্গবন্ধু প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ভর্তি ফি কমানোর দাবি

ভর্তি ফি কমানোর দাবিতে গোপালগঞ্জ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৫-১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা বুধবার ক্লাস বর্জন করে বিক্ষোভ করেন। এর আগে সোমবার ও মঙ্গলবার সকাল থেকে দুপুর ২টা পর্যন্ত ক্লাস বর্জন করেন শিক্ষার্থীরা। দাবি না মানা পর্যন্ত তারা আন্দোলন চালিয়ে যাবেন বলে সমাবেশে ঘোষণা দিয়েছেন।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রফেসর ড. মোহম্মদ নূর-উদ্দিন আহম্মেদ বলেন, গত বছর ভর্তির শর্ত অনুযায়ী শিক্ষার্থীদের কাছ থেকে নির্ধারিত ফি নেওয়া হচ্ছে। দুই সেমিস্টারের ফি একসঙ্গে নিতে চেয়েছিলাম। তাই পরিমাণটা একটু বেশি মনে হচ্ছে। পরে শিক্ষার্থীদের সঙ্গে কথা হয়েছে ভর্তির জন্য ৭ হাজার ১শ টাকা একসঙ্গে না দিয়ে দুই কিস্তিতে পরিশোধ করার।